অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/17/2021 **গভর্নর ক্যাথি হোকল**

2030 সালের মধ্যে বিতরিত সৌরশক্তি 10 গিগাওয়াট করার জন্য নতুন ফ্রেমওয়ার্কের কথা ঘোষণা করেছেন গভর্নর হোচুল

বার্ষিক 700,000 অতিরিক্ত নিউ ইয়র্কের গৃহে শক্তি প্রদান করার জন্য যথেষ্ট

বিস্তৃত রোডম্যাপ প্রদান করে রাজ্যের সফল NY-সান উদ্যোগ প্রসারিত করার জন্য এবং নিউ ইয়র্কবাসীদের জন্য সৌরশক্তির নাগাল বৃদ্ধি করার জন্য

বেসরকারি বিনিয়োগে আনুমানিক 4.4 বিলিয়ন ডলার নিয়ে আসবে, 6,000 অতিরিক্ত সৌরশক্তি সংক্রান্ত চাকরি তৈরি করবে বলে প্রত্যাশিত - 1 মেগাওয়াটের উপরে প্রকল্পগুলির জন্য প্রথম প্রচলিত মজুরি সহ - সংবিধিবদ্ধভাবে-সংজ্ঞায়িত সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের এবং কম আয় করেন এমন নিউ ইয়র্কবাসীদের জন্য 40 শতাংশ সুবিধা প্রদানের লক্ষ্যে

2030 সালের মধ্যে রাজ্যের 70 শতাংশ বিদ্যুৎ নবায়নযোগ্য উৎস থেকে সংগ্রহ করার জন্য রাজ্যের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোচুল আজ 2030 সালের মধ্যে অন্তত দশ গিগাওয়াট বিতরিত সৌরশক্তি অর্জনের উদ্দেশ্যে রাজ্যের জন্য একটি কাঠামো ঘোষণা করেছেন, যা বার্ষিক প্রায় 700,000 গৃহে বিদ্যুৎ সরবরাহের জন্য যথেষ্ট। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (NYSERDA) এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস (New York State Department of Public Service, DPS) দ্বারা জনসাধারণের মন্তব্য এবং অনুমোদনের জন্য পাবলিক সার্ভিস কমিশনের কাছে জমা দেওয়া রোডম্যাপ, রাজ্যের সফল NY-সান উদ্যোগকে জাতির মধ্যে এই ধরণের সব চেয়ে বড় এবং সব চেয়ে অন্তর্ভুক্তিমূলক সৌর প্রোগ্রামগুলির মধ্যে একটিতে প্রসারিত করার জন্য একটি বিস্তৃত কৌশলের প্রস্তাব করে, আরও বেশি নিউ ইয়র্কবাসীদের জন্য সৌরশক্তির অ্যাক্সেস বাড়াতে সহায়তা করে। আনুমানিক 4.4 বিলিয়ন ডলার বেসরকারি বিনিয়োগকে উত্সাহিত করার এবং রাজ্য জুড়ে 6,000 অতিরিক্ত সৌর কর্মসংস্থান তৈরি করার সাথে - এক থেকে পাঁচ মেগাওয়াটের মধ্যে সৌর প্রকল্পগুলির জন্য রাজ্যের প্রথম মজুরির প্রয়োগ সহ - প্রোগ্রামের সম্প্রসারণ বিনিয়োগ থেকে সুবিধার 40 শতাংশের লক্ষ্য সহ অন্তত 35 শতাংশ প্রদান করবে সংবিধিবদ্ধভাবে সংজ্ঞায়িত সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলি এবং নিম্ন থেকে মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য। আজকের ঘোষণা রাজ্যের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইন (জলবায়ু আইন) আদেশ সমর্থন করে যা হল একটি পরিচ্ছন্ন শক্তির

অর্থনীতিতে একটি স্থিতিস্থাপক এবং সমতাপূর্ণ রূপান্তরের অংশ হিসাবে 2030 সালের মধ্যে নবায়নযোগ্য উৎস থেকে রাজ্যের 70 শতাংশ বিদ্যুত তৈরি করা।

"নিউ ইয়র্কে, আমরা জলবায়ু পরিবর্তনের উপর কাজ করার সময় যে এখন তা স্বীকার করি - আমরা কেবল অপেক্ষা করতে পারি না কারণ আমরা দেখেছি যে এই সংকটের প্রভাবগুলি আমাদের সম্প্রদায়, আমাদের ব্যবসা এবং আমাদের অর্থনীতিকে বিপর্যস্ত করছে," **গভর্নর হোচুল বলেন।** "সৌর শক্তির প্রতি আমাদের প্রতিশ্রুতি জোরদার করা আমাদের পরিচ্ছন্ন শক্তির অর্থনীতির এই সমৃদ্ধিশীল খাতে আরো স্বাস্থ্যবান, আরো স্থিতিস্থাপক সম্প্রদায় গড়তে সহায়তা করবে এবং তার সাথে গুণমানের এবং নতুন ভালো বেতনের চাকরির অনুঘটক হবে।"

NYSERDA এবং DPS 2030 সালের মধ্যে দশ গিগাওয়াট বা তার বেশি বিতরিত সৌরশক্তি স্থাপন করার জন্য একাধিক কৌশল যত্ন সহকারে মূল্যায়ন করেছে — যে প্রকল্পগুলি আকারে পাঁচ মেগাওয়াটের কম, যার মধ্যে রয়েছে ছাদের স্থাপনা এবং সম্প্রদায়ের সৌর প্রকল্পগুলি - এবং স্থির করেছে যে রাজ্যের সফল NY-সান উদ্যোগকে প্রসারিত করা সব চেয়ে দক্ষ, পরিচিত, এবং সাশ্রয়ী পথ প্রদান করে। রাজ্যের প্রসারিত সৌরশক্তির লক্ষ্য অর্জনের ফলে প্রতি বছর প্রায় আরো 700,000 নিউ ইয়র্কের গৃহগুলিকে বিদ্যুৎ সরবরাহ করার জন্য যথেষ্ট পরিচ্ছন্ন বিদ্যুৎ উৎপন্ন করবে বলে আশা করা হচ্ছে, যার মধ্যে সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের মানুষরাও রয়েছেন।

গুরুত্বপূর্ণভাবে, রোডম্যাপটি এগুলি প্রস্তাব করে:

- বার্ষিক 700,000 অতিরিক্ত গৃহকে শক্তি প্রদান করার জন্য যথেষ্ট নতুন পরিষ্কার, পুনর্নবীকরণযোগ্য শক্তি;
- নতুন সৌর ক্ষমতার অন্তত 1,600 মেগাওয়াট, যা 280,000 গৃহে বিদ্যুৎ সরবরাহের জন্য যথেষ্ট, সুবিধাবঞ্চিত সম্প্রদায় এবং নিম্ন-মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের উপকৃত করবে, যাতে আনুমানিক 600 মিলিয়ন ডলারের বিনিয়োগ এই সম্প্রদায়গুলিকে পরিষেবা প্রদান করবে;
- কন এডিসন (Con Edison) বৈদ্যুতিক পরিষেবা এলাকায় (নিউ ইয়র্ক সিটি এবং ওয়েস্টচেস্টারের কিছু অংশ জুড়ে) অন্তত 450 মেগাওয়াট বিদ্যুৎ তৈরি করো হবে যা প্রায় 79,000 গৃহকে বিদ্যুৎ প্রদান করার জন্য যথেষ্ট, এর ফলে এই এলাকায় ইনস্টল করা সৌরশক্তি ক্ষমতা এক গিগাওয়াটের উপরে বৃদ্ধি পাবে, যা প্রায় 175,000 গৃহকে শক্তি প্রদান করার জন্য বিদ্যুৎ উৎপাদন করার জন্য যথেষ্ট এই দশকের শেষের মধ্যে;
- অন্তত 560 মেগাওয়াট, যা 98,000 গৃহে বিদ্যুৎ সরবরাহের জন্য যথেষ্ট, লং আইল্যান্ড পাওয়ার অথরিটির (Long Island Power Authority) মাধ্যমে অগ্রসর করা হবে; এবং
- একটি নতুন আবশ্যকতা যে NY-সান (NY-Sun) সমর্থিত এক মেগাওয়াটের বেশি প্রকল্পগুলির নির্মাণের সাথে যুক্ত শ্রমিকদের বিদ্যমান প্রযোজ্য মজুরি প্রদান করতে হবে, প্রকল্পগুলি নিউ ইয়র্কবাসীদের জন্য মানসম্পন্ন, পরিবার বজায় রাখা যায় এমন চাকরির সৃষ্টি নিশ্চিত করে এবং একটি সমতাপূর্ণ রূপান্তরণের পরিকল্পনা করার মাধ্যমে রাজ্যের প্রতিশ্রুতি প্রদর্শন করে। যে প্রকল্পগুলি এই রোডম্যাপ ফাইল করার আগে তাদের প্রাথমিক ইউটিলিটি ইন্টারকানেকশন

আবেদন জমা দিয়েছে তাদের নতুন বিদ্যমান মজুরির প্রয়োজনীয়তা থেকে অব্যাহতি দেওয়ার প্রস্তাব করা হয়েছে।

রাজ্যের সৌরশক্তির লক্ষ্য সম্প্রসারণের ফলে নিউ ইয়র্কের গ্রাহকদের জন্য গড় বিলে প্রভাব এক শতাংশের কম পরবে বলে আশা করা হয়, বা গড় বাসস্থানের জন্য প্রতি মাসে আন্দাজ 0.71 ডলার। রোডম্যাপটি পাবলিক সার্ভিস ডিপার্টমেন্টের ওয়েবসাইটে জনসাধারণের মন্তব্যের জন্য এবং 2022 সালে তার পরবর্তী সিদ্ধান্ত নেওয়ার জন্য উপলব্ধ।

ডরিন এম হ্যারিস, প্রেসিডেন্ট এবং সিইও, NYSERDA বলেছেন, "গভর্নর হোচুল স্পষ্ট করেছেন যে সৌরশক্তির অ্যাক্সেস বাড়ানো নিউ ইয়র্কের পাওয়ার গ্রিডকে ডিকার্বনাইজ করার জন্য এবং বায়ুর গুণমান এবং জনস্বাস্থ্যের উন্নতির জন্য ক্ষতিকারক নির্গমন হ্রাস করার উদ্দেশ্যে সর্বব্যাপী কৌশলের একটি কেন্দ্রীয় অংশ। এই বিস্তৃত রোডম্যাপটি নিউ ইয়র্কে ক্রমাগত উন্নতির জন্য প্রয়োজনীয় কাঠামো বাজারকে প্রদান করে এবং আমাদের জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তির লক্ষ্য অর্জনের পথ আরও প্রশস্ত করার জন্য NY-সানের অধীনে আমরা যে অগ্রগতি অর্জন করেছি তা গড়ে তুলতে আমাদের সাহায্য করবে।"

DPS এর সিইও ররি এম ক্রিশ্চিয়ান বলেছেন, "আমি গভর্নর হোচুলকে তার প্রবল সমর্থনের জন্য এবং নিউ ইয়র্ক স্টেটে সৌর শক্তির বিকাশ এবং অ্যাক্সেসকে উৎসাহিত করার জন্য ধন্যবাদ জানাতে চাই৷ যে রোডম্যাপটি তৈরি করা হয়েছে তা নিউ ইয়র্ককে একটি পরিচ্ছন্ন-শক্তির অর্থনীতিতে রূপান্তরকে ত্বরান্বিত করতে এবং আমাদের অত্যন্ত গুরুত্বপূর্ণ জলবায়ুর লক্ষ্য পূরণ করার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম প্রদান করে।"

NY-সান উদ্যোগটি চালু হওয়ার পর থেকে, NYSERDA স্থানীয় সরকার, কৃষি সম্প্রদায়, অন্যান্য রাজ্যের সংস্থা এবং স্টেকহোল্ডারদের একটি বিস্তৃত পরিসরের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেছে যাতে প্রকল্পগুলি এমনভাবে বিকশিত এবং স্থাপন করা হয় যা সম্পূর্ণরূপে ভূমির ব্যবহার বিবেচনা করে এবং স্থানীয় স্টেকহোল্ডার এবং কৃষি সম্প্রদায়ের সাথে ঘনিষ্ঠ সহযোগিতায় অগ্রসর হয়। NYSERDA রাজ্যের সমস্ত পৌরসভার জন্য তার চলমান প্রযুক্তিগত সহায়তা প্রসারিত করবে যাতে স্থানীয় অগ্রাধিকারের সাথে সৌরশক্তির উন্নয়ন সমন্বিত করতে স্থানীয়দের সহায়তা করা যায়। এছাড়াও, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার এন্ড মার্কেটসের (New York State Department of Agriculture and Markets) কৃষি জেলায় যে প্রকল্পগুলি স্থাপিত সেগুলি *সৌর শক্তি প্রকল্পের জন্য কৃষি প্রশমনের নির্দেশিকা* অবশ্যই অনুসরণ করবে এবং (New York State Department of Agriculture and Markets, NYSDAM) এর সাথে স্থানীয় কৃষি বোর্ডগুলির একটি অতিরিক্ত পর্যালোচনা প্রক্রিয়ার মধ্যে দিয়ে যেতে হবে৷ যে প্রকল্পগুলি উৎকৃষ্ট কৃষির মাটিতে 30 একরের বেশি প্রভাব ফেলবে সেগুলিকে প্রশমন ফি এর আওতায় নিয়ে আসা হবে।

আজকের ঘোষণা NY-সান এর অধীনে রাজ্যের সাফল্যের উপর ভিত্তি করে গড়ে তোলে যেখানে স্থাপিত বিতরিত সৌর প্রকল্পগুলি, উন্নয়নাধীন প্রকল্পগুলির সাথে মিলিত হয়ে, রাজ্যকে 2025 সালের মধ্যে ছয় গিগাওয়াট বিতরিত সৌর স্থাপনের বর্তমান জলবায়ু আইনের লক্ষ্যের 95 শতাংশ অবধি নিয়ে আসে। 2020 সালে, নিউ ইয়র্ক নতুন সম্প্রদায় সৌরশক্তির ইনস্টলেশগুলির

ক্ষেত্রে দেশের মধ্যে প্রথম এবং মোট বিতরিত সৌরশক্তিগুলির ক্ষেত্রে দ্বিতীয় স্থান অধিকার করেছিল। 2011 সাল থেকে, NY-সান, নিউ ইয়র্ক স্টেটের 1.8 বিলিয়ন ডলারের উদ্যোগ যা সৌরশক্তি অগ্রসর ও স্কেল-আপ করতে এবং রাজ্যকে একটি বজায় রাখা যায় এমন সৌর শিল্পের কাছাকাছি নিয়ে যায়, তা:

- সৌরশক্তির শিল্পে 12,000টি কর্মসংস্থানের লালন করেছে;
- NY-সান পাইপলাইনে সক্রিয় উন্নয়নে প্রায় 6,000-টি প্রকল্প আছে এবং 114,000-টি সম্পূর্ণ করা প্রকল্পকে সমর্থন করেছে - যা এক সাথে, 2.2 মিলিয়নেরও বেশি বাড়িতে বিদ্যুৎ প্রদান করার জন্য যথেষ্ট;
- নিউ ইয়র্ক জুড়ে প্রতিটি কাউন্টির প্রায় 145,000টি বাড়ির ছাদে বা মালিকানায় সৌরশক্তি চালিত যন্ত্র বসানো হয়েছে:
- 1 বিলিয়নেরও বেশি ডলারের প্রণোদনা প্রদান করে, বেসরকারি বিনিয়োগ থেকে 5.6 বিলিয়ন ডলারের সুবিধা নিয়ে;
- রাজ্যে 2,100 শতাংশেরও বেশি সৌরশক্তিকে চলিত করেছে;
- 522,000-এরও বেশি নিউ ইয়র্কের বাড়িগুলিতে শক্তি প্রদান করার জন্য যথেষ্ট পরিমানে পরিষ্কার, নবায়নযোগ্য শক্তি সরবরাহ করা হয়েছে;
- 10 বছরে সৌরশক্তির খরচ 69 শতাংশ পর্যন্ত কমাতে সাহায্য করেছে; এবং
- নিম্ন থেকে মধ্যম আয়ের পরিবার এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের উপকার করে এমন প্রকল্পগুলির জন্য 135 মিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে।

সিনেটর কেভিন পার্কার বলেছেন, "শক্তি ও টেলিযোগাযোগ কমিটির (Energy and Telecommunications committee) সভাপতি হিসাবে আমি NY সানকে সাধুবাদ জানাই এমন উদ্যোগগুলি বাস্তবায়নের জন্য যা আমাদের রাজ্যকে বিতরিত সৌরশক্তি উন্নয়নের ক্ষেত্রে এক নেতা করে তুলেছে৷ যখন আমরা জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের মাধ্যমে প্রতিষ্ঠিত লক্ষ্যগুলির দিকে অগ্রসর হতে থাকি, আমাদের অবশ্যই পরবর্তী পদক্ষেপগুলির জন্য প্রস্তুত হতে হবে যা আমাদের এই লক্ষ্যগুলিকে অতিক্রম করতে এবং পরিচ্ছন্ন শক্তির শিল্পে জীবন ধারণের যোগ্য মজুরি এবং সুবিধা সহ ভাল চাকরি তৈরি করতে সহায়তা করবে৷ NYSERDA এবং পাবলিক সার্ভিস ডিপার্টমেন্টকে নিউ ইয়র্ক স্টেটে 10 গিগাওয়াট বিতরিত সৌরশক্তিতে পৌঁছানোর উদ্দেশ্যে এই গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিতে দেখে আমি আনন্দিত।"

সিনেটর টড কামিনস্কি বলেছেন, আজ প্রকাশিত রোডম্যাপ দেখায় কিভাবে আমরা পরিচ্ছন্ন সৌর শক্তির মাধ্যমে উচ্চাভিলাষী লক্ষ্যগুলি পূরণ করতে পারি, বহু বিলিয়ন ডলারের বেসরকারি বিনিয়োগকে উৎসাহিত করতে পারি এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলি এই বৃদ্ধি থেকে উপকৃত হয় তা নিশ্চিত করতে পারি৷ আমি NYSERDA এবং DPS-কে সাধুবাদ জানাই নিউ ইয়র্কের সবুজ শক্তির অর্থনীতিকে উন্নত করার জন্য তাদের ভবিষ্যতমুখী চিন্তার কৌশলের জন্য।

বিধানসভার সদস্য স্টিভ এঙ্গেলব্রাইট বলেছেন, "জলবায়ু পরিবর্তনের নেতিবাচক পরিণতি হ্রাস করার জন্য আমরা সকলে দায়বদ্ধ। 2019 সালে, আমি ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্ট স্পনসর করেছি যাতে PSC-কে 2030 সালের মধ্যে রাজ্যের 70 শতাংশ বিদ্যুত পুনর্নবীকরণযোগ্য উৎস থেকে এবং 2040 সালের মধ্যে নির্গমন-মুক্ত উৎস থেকে 100 শতাংশ বিদ্যুৎ তৈরি করা হয় তা নিশ্চিত করার জন্য পরিচ্ছন্ন শক্তির মান অনুযায়ী একটি

প্রোগ্রাম প্রতিষ্ঠা করা আবশ্যক করে। আজকের গৃহীত পদক্ষেপগুলি সঠিক পথে একটি পদক্ষেপ।"

নিউ ইয়র্ক স্টেট লেবারার্স অর্গানাইজিং ফান্ডের পলিসি অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্সের পরিচালক ভিনসেন্ট আলবানিজ বলেছেন, "এই শ্বেতপত্রের ফলাফলগুলি প্রমাণ করে যে সমস্ত আকারের এবং রাজ্যের সমস্ত এলাকায় পুনর্নবীকরণযোগ্য শক্তি প্রকল্পগুলি এমন শ্রম দিয়ে তৈরি করা যেতে পারে যা একটি প্রচলিত মজুরির মাধ্যমে প্রদান করা হচ্ছে। শক্তি শিল্পে শ্রমিকদের জন্য একটি ন্যায্য পরিবর্তন নিশ্চিত করার প্রতিশ্রুতিতে NYSERDA একটি জাতীয় নেতা হয়এ থেকেছে। আমরা আমাদের সদস্যদের প্রতি তাদের অব্যাহত অঙ্গীকারবদ্ধতাকে সাধুবাদ জানাই।"

এডি বাউটিস্তা, নির্বাহী পরিচালক, NYC এনভায়রনমেন্টাল জাস্টিস অ্যালায়েন্স (NYC Environmental Justice Alliance) বলেন, "রাজ্য জুড়ে সৌরশক্তির অ্যাক্সেস সম্প্রসারিত করা নিশ্চিত করে যে আরও বেশি নিউ ইয়র্কবাসী, বিশেষ করে ঐতিহাসিকভাবে অনুন্নত কৃষ্ণাঙ্গ সম্প্রদায়গুলিতে, পরিচ্ছন্ন বিদ্যুৎ থেকে উপকৃত হয় এবং জলবায়ু ন্যায়বিচারের জন্য এটি একটি বড় পদক্ষেপ। আমরা নিউ ইয়র্ক স্টেটকে এই নতুন উচ্চতায় পৌঁছাতে সাহায্য করার অপেক্ষায় রয়েছি যা ক্ষতিকারক নির্গমন কমাতে সাহায্য করবে এবং সবার জন্য উল্লেখযোগ্য চাকরি এবং অর্থনৈতিক সুযোগ প্রদান করবে।"

টমাস এ. ক্যালাহান, সভাপতি, NYS কনফারেন্স অফ অপারেটিং ইঞ্জিনিয়ারস (NYS Conference of Operating Engineers) বলেছেন, "NYSERDA-এর আজকের ঘোষণা নিউ ইয়র্কের পরিবেশের জন্য এবং নিউ ইয়র্কের কর্মীদের জন্য দুর্দান্ত খবর। 1 মেগাওয়াটের চেয়ে বড় সৌর প্রকল্পগুলিতে বিদ্যমান মজুরি আবশ্যক করা নিশ্চিত করে যে আমাদের দেশের সেরা কর্মীরা নিউ ইয়র্কের সবুজ শক্তির ভবিষ্যৎ প্রদান করার দলের অংশ হয়। NYS কনফারেন্স অফ অপারেটিং ইঞ্জিনিয়ার্স (NYS Conference of Operating Engineers) এই ঘোষণায় নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research & Development Authority, NYSERDA) সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত যা নিশ্চিত করে যে শ্রমিকদের সাথে ন্যায্য আচরণ করা হবে যখন নিউ ইয়র্ক ভবিষ্যতের পরিচ্ছন্ন শক্তিতে বিনিয়োগ করছে। গত বছরের বাজেটে বৃহৎ পরিসরে নবায়নযোগ্যকে পাবলিক ওয়ার্ক হিসেবে সংজ্ঞায়িত করে নিউ ইয়র্কের প্রতিশ্রুতির সাথে একত্রে এই ঘোষণাগুলি মধ্যবিত্তের চাকরি নিশ্চিত করার জন্য দুর্দান্ত প্রথম পদক্ষেপ এবং নিউ ইয়র্কের কর্মজীবী পুরুষ ও মহিলারা এমন কাজগুলি করবেন যা আমাদের CLCPA এর লক্ষ্য পূরণ নিশ্চিত করে।"

নিউ ইয়র্ক সোলার এনার্জি ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশনের (New York Solar Energy Industries Association, NYSEIA) নির্বাহী পরিচালক জ্যাক ডুফ্রেসনে বলেছেন, "NYSEIA গভর্নর হোচুল এবং তার প্রশাসনকে সাধুবাদ জানায় নিউ ইয়র্ক স্টেটকে বিতরিত সৌরশক্তির উন্নয়নে একটি জাতীয় পথিকৃত হিসেবে স্থাপন করার জন্য তাদের নেতৃত্বের জন্য। এই রোডম্যাপে বর্ণিত NY-সান প্রোগ্রামের সম্প্রসারণের মাধ্যমে 10 GW সৌরশক্তির জন্য চেষ্টা করা, হাজার হাজার ভালো বেতনের চাকরির উদ্দেশ্যে পরিচালিত করবে এবং নিউ ইয়র্কের অর্থনীতিতে একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসাবে সৌরশক্তির অবস্থান অব্যাহত রাখবে। আমরা

পরিবেশগত ন্যায়বিচারের বিধানগুলির জন্য সমর্থন এবং নিউ ইয়র্কের সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে উপকৃত করে এমন প্রকল্পগুলিকে সরাসরি অর্থায়নের জন্য প্রশাসনের প্রশংসা করি। এই রোডম্যাপটি নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতের জন্য একটি উচ্চাভিলাষী বিনিয়োগ, এবং যদিও বহু বিশদ বিষয় পর্যালোচনা এবং আলোচনা করা বাকি, NYSEIA নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি এবং পাবলিক সার্ভিস কমিশনের (Public Service Commission) সাথে কাজ করতে সহযোগিতা করার জন্য উন্মুখ নিউ ইয়র্কের প্রশংসনীয় বিতরিত সৌরশক্তি এবং পরিবেশগত প্রতিশ্রুতি নিয়ে কাজ করার জন্য।"

ডেভিড গাহল, স্টেট পলিসির সিনিয়র ডিরেক্টর, ইস্ট ফর দ্য সোলার এনার্জি ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশন (Solar Energy Industries Association, SEIA) বলেছেন, "এই প্রস্তাবটি সৌর প্রণোদনা প্রোগ্রামকে প্রসারিত করার জন্য দীর্ঘমেয়াদী তহবিল স্থাপন করবে, সৌর শিল্প এবং গ্রাহকদের জন্য নিশ্চিয়তা সৃষ্টি করবে ও তার সাথে নিউ ইয়র্ককে গভর্নর হোচুলের অন্তত 10 গিগাওয়াট বিতরিত শক্তি ইনস্টল করার লক্ষ্য অর্জনের পথে অব্যাহত রাখবে। প্ল্যানটি কমিউনিটি সোলারকে উৎসাহিত করে এবং নিম্ন থেকে মধ্যম আয়ের গ্রাহকদের জন্য প্রণোদনা প্রসারিত করে, যা নিশ্চিত করতে সাহায্য করে যে সমস্ত নিউ ইয়র্কবাসী পরিচ্ছন্ন শক্তিতে রূপান্তরণে অংশগ্রহণ করতে পারে। আমরা নিয়ন্ত্রক প্রক্রিয়া চলাকালীন গভর্নর হোচুল, নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি এবং পাবলিক সার্ভিস বিভাগের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ট্রেড কাউন্সিল অফ গ্রেটার নিউ ইয়র্কের (Building and Construction Trades Council of Greater New York) প্রেসিডেন্ট গ্যারি লাবারবেরা বলেছেন, "নিউ ইয়র্কের স্থায়ী অর্থনীতিতে উদ্ভাবন এবং সুযোগের একেবারে সামনে থাকা নিশ্চিত করার জন্য এই রোডম্যাপটি এখন পর্যন্ত আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হল। NY-সান উদ্যোগকে প্রসারিত করার মাধ্যমে, নিউ ইয়র্কের পরিশ্রমী পুরুষ ও মহিলাদের জন্য আরও হাজার হাজার মধ্যবিত্ত কেরিয়ার তৈরি করা হবে। নিউ ইয়র্কে ঠিক এখানে নবায়নযোগ্য শক্তি সেক্টরের জন্য স্বর্ণের মান নির্ধারণ করতে তাদের অবিরত প্রতিশ্রুতির জন্য আমরা গভর্নর হোচুল এবং NYSERDA-কে সাধুবাদ জানাই।"

কোয়ালিশন ফর কমিউনিটি সোলার অ্যাক্সেসের (Coalition for Community Solar Access) উত্তর-পূর্ব আঞ্চলিক পরিচালক কেইটলিন কেলি ও'নিল বলেছেন, "স্পষ্টভাবে নিউ ইয়র্কে সৌর সম্প্রদায়ের যে মূল্য এনেছে, NYSERDA দ্বারা দাখিল করা রোডম্যাপটি তা প্রতিফলিত করে দেখে আমরা খুশি হয়েছি, এবং এটি তার বৃহত্তর জলবায়ুর লক্ষ্যগুলি অর্জনের দিকে কাজ করার সময় রাজ্যকে সরবরাহ করা চালিয়ে যাবে৷ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলির কাছে বৃহত্তর অ্যাক্সেস আনতে সম্প্রসারিত সংস্থানগুলি ডিকার্বনাইজেশনের প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যাওয়ার সাথে পরিচ্ছন্ন শক্তির ইকুইটি এবং অর্থনৈতিক সুবিধাকে বৃদ্ধি করবে।"

অ্যান রেনল্ডস, অ্যালায়েন্স ফর ক্লিন এনার্জি নিউ ইয়র্কের (Alliance for Clean Energy New York) নির্বাহী পরিচালক বলেছেন, "নিউ ইয়র্ক সম্রাজ্ঞী রাজ্যের সৌর শিল্পের বিকাশ অব্যাহত রাখার প্রচেষ্টায় অবিচল রয়েছে। সেপ্টেম্বরে, আমরা গভর্নরের হোচুলের বিতরণ করা সৌর শক্তির জন্য 10 গিগাওয়াটের একটি স্পর্ধিত নতুন লক্ষ্যর ঘোষণাকে স্বাগত জানাই এবং

এখন আমরা কীভাবে এটি অর্জন করা হবে তার জন্য এই ব্লুপ্রিন্ট নিয়ে কাজ শুরু করার জন্য উন্মুখ। আমাদের সদস্য সংস্থাগুলি নিউ ইয়র্কে বিনিয়োগ চালিয়ে যাওয়ার এবং নতুন চাকরি তৈরি করার জন্য উন্মুখ।"

নিউ ইয়র্ক লিগ অফ কনজারভেশন ভোটারদের (President of the New York League of Conservation Voters) সভাপতি জুলি টাইগ বলেছেন, "নিউ ইয়র্ক স্টেটকে আমাদের নবায়নযোগ্য শক্তির লক্ষ্য পূরণের জন্য তার সৌর ক্ষমতাকে সুপারচার্জ করতে হবে এবং রাজ্যে বিতরণ করা সৌরশক্তির পরিমাণকে প্রায় দ্বিগুণ করে CLCPA-এর প্রয়োজনীয়তা অতিক্রম করার জন্য গভর্নর হোচুলের প্রতিশ্রুতি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমরা গভর্নরকে তার নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই এবং NYSERDA এবং DPS-এর এমন একটি প্রক্রিয়া শুরু করার জন্য প্রশংসা করি যা গ্রিনহাউস গ্যাসের নির্গমনকে হ্রাস করবে এবং পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিকে বাড়িয়ে তুলবে।"

ক্লাইমেট জবস NY-এর (Climate Jobs NY) নির্বাহী পরিচালক জেফ ভোক্রডট বলেছেন, "নিউ ইয়র্কের নির্গমন-হ্রাসের লক্ষ্যগুলি পূরণের দিকে এটি একটি উত্তেজনাপূর্ণ পদক্ষেপ যা নিশ্চিত করে যাতে আমাদের রাজ্যের পরিচ্ছন্ন-শক্তির ট্রানজিশন ভাল ইউনিয়নের চাকরি এবং কর্মজীবন তৈরি করে এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিতে বিনিয়োগের প্রচার করে। হাই-রোড সৌর শক্তর শিল্প গড়ে তোলার জন্য 1 মেগাওয়াটের উপরে প্রকল্পের জন্য বিদ্যমান মজুরির প্রয়োজনীয়তা অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং আমরা সৌর শক্তির শিল্পে এবং পরিচ্ছন্ন-শক্তির সেক্টর জুড়ে শ্রমের মানকে উন্নত করার জন্য উন্মুখ যাতে আমরা এমন একটি শক্তির পরিবর্তন করতে পারি যা সবার জন্য কাজ করে।"

ইন্টারন্যাশনাল ব্রাদারহুড অফ ইলেকট্রিকাল ওয়ার্কার্সের (International Brotherhood of Electrical Workers) ইন্টারন্যাশনাল ভাইস প্রেসিডেন্ট, মাইকেল ওয়েলশ বলেছেন, "জলবায়ু সুরক্ষা এবং ভাল, পরিচ্ছন্ন চাকরির প্রচেষ্টায় ইতিমধ্যেই একটি নেতা হয়ে নিউ ইয়র্ক আবারও এই কাজকে এগিয়ে নিয়ে যাচ্ছে এবং NYSERDA ও ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসের (Dept. of Public Service) আজকের ফ্রেমওয়ার্কের সাথে মানগুলি নির্ধারণ করছে 2030 সালের মধ্যে ইনস্টল করে বিতরণ করা 10 গিগাওয়াটের সৌর শক্তির লক্ষ্যকে বাড়ানোর জন্য। এই স্পর্ধিত পদক্ষেপের জন্য এই প্রচেষ্টাকে বাস্তবে পরিণত করতে সকল স্টেকহোল্ডারদের একত্রে যোগদান করতে হবে কিন্তু এটি করার মাধ্যমে এক মেগাওয়াটের উপরে প্রকল্পগুলিতে প্রয়োজনীয় প্রচলিত মজুরি সহ অনেকগুলি এবং ভাল চাকরি তৈরি করবে। এই হাজার হাজার ভালো বেতনের চাকরি রাজ্যের সমস্ত দশটি অঞ্চলের NY বাসিন্দাদের ঊর্ধ্বমুখী গতিশীলতা প্রদান করবে এবং IBEW এই ভাল চাকরিগুলিকে বৈদ্যুতিক শিল্পে দুর্দান্ত কর্মজীবন হওয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করার জন্য উন্মুখ। আমরা NYSERDA এবং DPS ফ্রেমওয়ার্ককে সমর্থন করি এবং তাদের নেতৃত্বের জন্য তাদের সাধুবাদ জানাই।"

UPROSE-এর নির্বাহী পরিচালক এলিজাবেথ ইয়াম্পিয়ার বলেছেন, কয়েক দশকের ফ্রন্টলাইন সম্প্রদায়ের নেতৃত্ব নিউ ইয়র্ক স্টেটকে আরও ন্যায্য এবং ন্যায়সঙ্গত সৌর শক্তির বাজার তৈরিতে একটি নেতা হতে সাহায্য করেছে। সৌর শক্তির উন্নয়ন একটি ন্যায্য রূপান্তরকে কার্যকর করার জন্য এবং ঐতিহাসিকভাবে প্রান্তিক সম্প্রদায়ের জীবাশ্ম জ্বালানী পোড়ানোর

ফলে ক্ষতির উত্তরাধিকারের প্রতিকারের জন্য ন্যায্যতা কেন্দ্র করার একটি সুযোগ। UPROSE আশা করে যে রাজ্য সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিতে নির্গমন কমাতে, স্থানীয় নবায়নযোগ্য শক্তির অ্যাক্সেস বাড়াতে, ভাল বেতনের পরিবেশগত চাকরি তৈরি করতে এবং দীর্ঘমেয়াদী সম্প্রদায়ের সম্পদ তৈরি করতে সম্প্রদায়-নেতৃত্বাধীন সৌর শক্তির প্রকল্পগুলিকে সমর্থন করার ক্ষেত্রে অগ্রগতি চালিয়ে যাবে।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 102টি বিশাল মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 33 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি নির্মল জ্বালানির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের সাথে যুক্ত হয়েছে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন